

# লিভারপুলই ফেভারিট

বক্তা **টেরি ফেলান**। ইপিএলে খেলেছেন। ১৯৯৪ বিশ্বকাপে আয়ারল্যান্ড জার্সিতে নেমেছেন। বর্তমানে সোনি নেটওয়ার্কের ফুটবল বিশেষজ্ঞ তিনি। চ্যাম্পিয়ন্স লিগ নিয়ে 'সংবাদ প্রতিদিন'-কে সাক্ষাৎকার দিলেন।

## সোহম দে

**প্রশ্ন:** চেলসি বনাম বায়ার্ন। লিভারপুল বনাম অ্যাটলেটিকো মাদ্রিদ। রিয়াল মাদ্রিদ বনাম ম্যাঞ্চেস্টার সিটি। চ্যাম্পিয়ন্স লিগের শেষ যোলের কোন লড়াই দেখতে আপনি সবচেয়ে উৎসুক?

**ফেলান:** আলাদা করে কোনও ফিফাচার বাছার নেই। আমার মতো ফুটবল ভক্তের জন্য প্রতিটা ম্যাচই স্বপ্নের লড়াই। তবে এই সব ম্যাচের মধ্যে একটা লড়াই নিয়ে সামান্য একটু উত্তেজনা আছেই- রিয়াল বনাম সিটি।

**প্রশ্ন:** রিয়াল বনাম সিটি নিয়ে বাড়তি উত্তেজনা কেন?

**ফেলান:** আমি দেখতে চাই সিটি ফুটবলাররা কেমন রিঅ্যাক্ট করে

## প্রশ্ন: আপনার আর এক প্রাক্তন

ক্লাব চেলসির সামনে বায়ার্ন।

কী মনে হচ্ছে অঘটন হবে?

**ফেলান:** মনে হয় না। বায়ার্ন খুবই শক্তিশালী দল।

তবে চেলসি যদি প্রথম লেগে ঘরের মাঠে তিন-চার গোল করতে পারে তা হলে একটা সুযোগ আছে।



চ্যাম্পিয়ন্স লিগ থেকে দু'বছরের নির্বাসনের শাস্তির পর। আমি নিজে সিটিতে খেলেছি। তাই প্রাক্তনী হিসাবে চাই যাতে এই নির্বাসনের পরে ফুটবলাররা আরও মোটিভেটেড থাকুক নিজেদের সেরাটা দেওয়ার।

সামনে অবশ্য মাদ্রিদ। যারা চ্যাম্পিয়ন্স লিগ স্পেশালিস্ট। ফলে মোটেই সহজ হবে না লড়াই।

**প্রশ্ন:** এ বার লিভারপুলে আসা যাক। প্রিমিয়ার লিগের ফর্ম কি শেষ যোলের অ্যাটলেটিকো মাদ্রিদের বিরুদ্ধে

সাহায্য করবে সালাহদের?

**ফেলান:** আসলে চ্যাম্পিয়ন্স লিগে সবাই আলাদা ফর্মেশন নিয়ে খেলে। ঘরোয়া লিগে বিপক্ষ যে জায়গাটা তোমায় দেবে আক্রমণ করতে ইউরোপে সেটা হয় না। আর আজ লিভারপুলের সামনে অ্যাটলেটিকো মাদ্রিদ। যারা রক্ষণাত্মক টিম। তাতেও ঘরোয়া লিগের ফর্ম লিভারপুলকে সাহায্য করবে। কারণ এতে কোনও সন্দেহ নেই লিভারপুলই চ্যাম্পিয়ন্স লিগ জেতার অবিসংবাদী ফেভারিট। আর এই দলের আসল সম্পদ হল ক্রুপের আক্রমণাত্মক ফুটবল দর্শন।

**প্রশ্ন:** আপনার আর এক প্রাক্তন ক্লাব চেলসির সামনে বায়ার্ন। কী মনে হচ্ছে অঘটন হবে?

**ফেলান:** মনে হয় না। বায়ার্ন খুবই শক্তিশালী দল। তবে চেলসি যদি প্রথম লেগে ঘরের মাঠে যদি তিন-চার গোল করতে পারে তা হলে একটা সুযোগ আছে।

**প্রশ্ন:** ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর এই ফর্ম

কি অবশেষে জুভেন্টাসকে চ্যাম্পিয়ন করবে?

**ফেলান:** হ্যাঁ রোনাল্ডো কোনও পঁচিশ বছরের ফুটবলারের মতো খেলছে। চূড়ান্ত ফিট রেখেছে নিজেকে। আর রোনাল্ডো আগেও তো রিয়াল মাদ্রিদকে একার হাতে জিতিয়েছে। আর রোনাল্ডো ফর্মে থাকলে জুভেন্টাসও অনেকদূর যাবে।



UEFA  
CHAMPIONS  
LEAGUE

ওদের সামনে তো লিয়ঁ। যা আমার মতে খুব সহজে জেতা উচিত।

**প্রশ্ন:** আর বাসেল লোনা? মেসির উপর এখনও কি অতিরিক্ত নির্ভরশীল?

**ফেলান:** যতদিন

মেসি খেলবে ওর উপরেই নির্ভর করবে দল। কিন্তু এ বার সময় এসে গিয়েছে বাকিদের দায়িত্ব নেওয়ার। সামনে নাপোলি ঠিকই যারা ভাল ফর্মে নেই কিন্তু তাতেও মেসির সাপোর্ট চাই। দিনের শেষে ফুটবল টিমগেম।